

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

নাগরিক সনদ

১. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সিটিজেন চার্টার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি কৃষি বিষয়ক সেবামূলক প্রতিষ্ঠান। এ অধিদপ্তরের মূল দায়িত্ব হচ্ছে আধুনিক ও উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে দেশের কৃষি উন্নয়নে ভূমিকা রাখা। কৃষি উন্নয়ন কর্মকাণ্ডের সাথে জড়িত সকল সংস্থা/প্রতিষ্ঠানের কাজের সাথে সমন্বয় সাধন করে দেশের কৃষি উন্নয়নের গতিধারাকে বেগবান করা। এ লক্ষ্যে কৃষি বিষয়ক উন্নত প্রযুক্তি সম্প্রসারণ এবং সরকারের কৃষি বিষয়ক সকল কর্মসূচী বাস্তবায়নের কাজে কেন্দ্র থেকে মাঠ পর্যায় পর্যন্ত বর্তমানে প্রায় ২৪,০০০ কর্মকর্তা ও কর্মচারী নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। কৃষি পরিবেশ, কৃষকের আর্থ-সামাজিক অবস্থা, কৃষকের চাহিদা ও বাজার চাহিদা ইত্যাদি বিষয় বিবেচনা করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষকদের প্রয়োজনীয় কৃষি সেবা প্রদান করে আসছে। সার্বিক বিষয় বিবেচনা করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সিটিজেন চার্টার নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে।

(১) সকল শ্রেণীর কৃষকের জন্য কৃষি বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণ সহায়তা দেয়াঃ

সকল শ্রেণীর কৃষক পরিবারের সদস্যগণ যাতে প্রয়োজনমত কৃষি সম্প্রসারণ বিষয়ক সেবা পেতে পারে তার নিশ্চয়তা বিধান করা।

(২) প্রদর্শনী প্লট স্থাপন, মাঠ দিবস, কৃষক সমাবেশ ও কৃষক র্যালীর মাধ্যমে ফসলের উন্নত জাত ও উন্নত পদ্ধতিতে চাষাবাদ সম্পর্কে উদ্বুদ্ধ করণঃ

কৃষি বিষয়ক উন্নত প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে কৃষি সম্প্রসারণের বিভিন্ন ধরনের কলা-কৌশল ব্যবহার করা এবং বিভিন্ন পদ্ধতি ও কলাকৌশল প্রদর্শনের মাধ্যমে নতুন প্রযুক্তি ও উন্নত জাতের ফসল আবাদের বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করা।

(৩) আইপিএম প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে পরিবেশ বান্ধব পদ্ধতিতে ফসলের রোগবালাই ব্যবস্থাপনা বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদানঃ

ফসলের রোগবালাই নিয়ন্ত্রণে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। আইপিএম পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পরিবেশ বান্ধবভাবে ফসলের রোগবালাই নিয়ন্ত্রণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা।

(৪) কৃষি বিষয়ক কর্মসূচী প্রণয়ন প্রক্রিয়া বিকেন্দ্রীকরণ এবং চাহিদা ভিত্তিক কৃষি সম্প্রসারণ সেবা প্রদানঃ

মাঠ পর্যায়ে কৃষকদের জন্য প্রয়োজনীয় কৃষি সম্প্রসারণ সেবার চাহিদা নিরূপণ করা। কৃষকদের চাহিদার ভিত্তিতে নির্দিষ্ট সমস্যা সমাধানের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করা।

(৫) কৃষি বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান সমূহের সাথে যোগাযোগ স্থাপন এবং গবেষণালব্ধ তথ্য ও প্রযুক্তিসমূহ কৃষকদের মাঝে সম্প্রসারণ করাঃ

সকল কৃষি বিষয়ক গবেষণা প্রতিষ্ঠানের সাথে কার্যকরী যোগাযোগ রক্ষা করা। মাঠের সমস্যা ও কৃষকের চাহিদা ভিত্তিক গবেষণা কার্যক্রম গ্রহণে প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা। কৃষি গবেষণা প্রতিষ্ঠান সমূহ কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা।

(৬) সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ প্রদানঃ

উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।

(৭) কৃষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদানঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন কর্মসূচী ও প্রকল্পের কার্যক্রমের আওতায় কৃষকদের নির্দিষ্ট প্রযুক্তি এবং সুনির্দিষ্ট বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা।

(৮) বিভিন্ন ধরনের সম্প্রসারণ পদ্ধতি ব্যবহারের মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা কৃষকদের মাঝে পৌঁছে দেয়াঃ

ব্যক্তিগত যোগাযোগ, পত্র-পত্রিকা, রেডিও, টেলিভিশন সহ কৃষি সম্প্রসারণের সকল কলা কৌশল ব্যবহার করে কৃষি বিষয়ক তথ্য কৃষকদের মাঝে পৌঁছে দেয়া।

(৯) কৃষি সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ের মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা কার্যক্রম পরিচালনাঃ

জাতীয় পর্যায়ে এবং মাঠ পর্যায়ে কৃষি বিষয়ক কর্মকাণ্ডে জড়িত সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন করে সামগ্রিক কৃষি সম্প্রসারণ সেবা পরিচালনা করা।

(১০) পরিবেশ সংরক্ষণ ও পরিবেশ বান্ধব কৃষি উৎপাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগে কৃষকদের সহায়তাকরণঃ

বিশ্বের পরিবেশগত এবং জলবায়ু পরিবর্তনের বিষয়সমূহ বিবেচনা করে পরিবেশ সম্মত উপায়ে কৃষি উৎপাদন কার্যক্রম পরিচালনা করা।

(১১) বাণিজ্যিক ভিত্তিতে কৃষি পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদানঃ

পারিবারিক চাহিদা পূরণের নিমিত্তে চাষাবাদ কার্যক্রম পরিচালনার পাশাপাশি বাণিজ্যিক ভিত্তিতে ফসল আবাদ কার্যক্রম সম্প্রসারিত করার লক্ষ্যে কৃষকদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

(১২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে ই-কৃষি সেবা কার্যক্রম পরিচালনাঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে অতি দ্রুততার সাথে কার্যকরী ভাবে কৃষি বিষয়ক সকল তথ্য ও প্রযুক্তি কৃষকদের নিকট পৌঁছে দিয়ে দেশে ই-কৃষি কার্যক্রম বাস্তবায়ন করা।

(১৩) কৃষি যান্ত্রিকীকরণঃ

বিজ্ঞানের অগ্রগতির সাথে সাথে বর্তমানে কৃষি ক্ষেত্রেও উন্নত যন্ত্রপাতির ব্যবহার হচ্ছে। আমাদের কৃষকদের চাহিদা ও সাধ্যের ভিত্তিতে কৃষি উৎপাদন ব্যবস্থাপনার বিভিন্ন পর্যায়ে উন্নত যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

(১৪) মাটির স্বাস্থ্য রক্ষাঃ

ফসল উৎপাদন কার্যক্রম দীর্ঘমেয়াদে পরিচালনার জন্য মাটির স্বাস্থ্য সংরক্ষণ একটি অত্যাবশ্যকীয় বিষয়। মাটি পরীক্ষার মাধ্যমে সঠিক মাত্রায় রাসায়নিক সার প্রয়োগ, সজাব্য ক্ষেত্রে জৈবসার প্রয়োগ, গ্রীন ম্যানিউর ব্যবহার, ত্রুপ রোটেশন ও ফসল নির্বাচন সহ সামগ্রিক কৃষি উৎপাদন ব্যবস্থাপনা মাটির স্বাস্থ্য রক্ষার অনুকূলে পরিচালনা করা। এ সকল বিষয়ে কৃষকদের সচেতন করা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।

(১৫) উচ্চ মূল্য ফসল চাষাবাদে কৃষকদের কারিগরী সহায়তাসহ বাজারজাতকরণে সহায়তা প্রদানঃ

ফসল উৎপাদন কার্যক্রমকে লাভজনক করার লক্ষ্যে উচ্চ বাজার মূল্যের ফসল উৎপাদনে কৃষকদের উৎসাহ দেয়া হচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা এবং মাঠ পর্যায়ে নিয়োজিত সম্প্রসারণ কর্মীগণ উক্ত বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরী সহায়তা প্রদান করছেন।

(১৬) মাশরুম চাষ সম্প্রসারণে কৃষক/কিষানীদের কারিগরী সহায়তা প্রদান এবং মাশরুমের বীজ বা স্পেপান সরবরাহ করাঃ

মাশরুম একটি উচ্চ পুষ্টিগুণ সম্পন্ন ফসল। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মাশরুম চাষ সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করেছে। কৃষকদের এ বিষয়ে প্রশিক্ষণসহ প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করা হচ্ছে।

(১৭) প্রাকৃতিক দুর্যোগে মাঠ ও উদ্যান ফসলের ক্ষয়ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য কারিগরী ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণে কৃষকদের সহায়তা করাঃ

বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগ প্রবণ দেশ। বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয় আমাদের কৃষি। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য সামাজিক নিরপত্তা কার্যক্রমের আলোকে কৃষি পুনর্বাসন কর্মসূচি গ্রহণ করে থাকে। এ কার্যক্রমের আওতায় কৃষি উপকরণ সহায়তা প্রদান করে কৃষকদের ক্ষতি পুষিয়ে নিতে সাহায্য করা হয়।

(১৮) বসতভিটা ও শহরাঞ্চলের ইমারতের ছাদে উদ্যান ফসল চাষে কারিগরী সহায়তা প্রদানঃ

প্রতিটি বসতবাড়িকে কৃষি উৎপাদন কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে বসতবাড়িতে সবজি উৎপাদন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শহরাঞ্চলের বসতবাড়ি সমূহকে ফসল উৎপাদন কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কাজ করছে। বাড়ির ছাদে বাগান করে ফুল ও শাকসবজি উৎপাদনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরী সহায়তা প্রদান করা হয়।

(১৯) উদ্যান ফসলের নার্সারি স্থাপনে কারিগরী সহায়তা প্রদানঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সারাদেশে ৭২টি হার্টিকালচার সেন্টার প্রতিষ্ঠা করেছে। উক্ত সেন্টারসমূহের মাধ্যমে উদ্যান ফসলের উন্নতমানের বীজ/চারা/কলম সরবরাহ করা হয়। এছাড়াও বেসরকারী পর্যায়ে নার্সারি স্থাপনে উৎসাহী উদ্যোক্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কারিগরী পরামর্শ প্রদান করে থাকে।

(২০) ফসলের আবাদ ও উৎপাদন তথ্য নিরূপণে পরিসংখ্যান বিভাগকে সহায়তা প্রদানঃ

দেশে বিভিন্ন ধরনের ফসলের আবাদ এবং উৎপাদন বিষয়ক তথ্য সংগ্রহ ও চূড়ান্ত করার কাজে পরিসংখ্যান বিভাগের সাথে যৌথভাবে কাজ করে।

(২১) ফসলের বালাই সতর্কীকরণ ও আবহাওয়ার পূর্বাভাস কৃষকদের নিকট পৌঁছে দেয়া ও প্রতিকূল আবহাওয়ায় ফসল রক্ষার্থে করণীয় বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদানঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ও মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কর্মীগণ নিয়মিতভাবে মাঠ পরিদর্শন করে ফসলের রোগবালাই নিয়ন্ত্রণে কৃষকদের পরামর্শ দিয়ে থাকেন। সম্ভাব্য ক্ষেত্রে আবহাওয়া ও রোগবালাই সংক্রমণ বিষয়ে আগাম সতর্ক বার্তা পৌঁছে দেন।

(২২) চাষী পর্যায়ে উন্নত মানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বীজ বিনিময়ে সহায়তা প্রদানঃ

ফসল উৎপাদনের জন্য উন্নতমানের বীজের ব্যবহার একটি অন্যতম বিষয়। সরকারী প্রতিষ্ঠান কর্তৃক কৃষকের চাহিদামাফিক সকল বীজ সরবরাহ করা সম্ভব হয়না। সেক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উক্ত কার্যক্রমের আওতায় চাষি পর্যায়ে উন্নতমানের বীজ উৎপাদন ও সংরক্ষণের জন্য কৃষকদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং কারিগরী সহায়তা প্রদান করা হয়ে থাকে।

(২৩) সার ও বালাইনাশকের মান নিয়ন্ত্রণ, সরবরাহ ও বাজার মনিটরিং করাঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাসায়নিক সার বিতরণ ব্যবস্থা তদারকি করে। রাসায়নিক সারের গুণগতমান রক্ষার জন্য কৃষি কর্মকর্তাগণ নিয়মিতভাবে সারের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠিয়ে রিপোর্ট সংগ্রহ করেন। কীটনাশকের গুণগতমান বজায় রাখার নিমিত্ত অনুরূপ তদারকি কার্যক্রম পরিচালনা করে থাকে।

(২৪) প্ল্যান্ট কোয়ারেন্টাইন সেবা প্রদানঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মাঠ পর্যায়ের কোয়ারেন্টাইন কেন্দ্রসমূহের মাধ্যমে অভিজ্ঞ কর্মকর্তা ও কর্মচারীগণের সহায়তায় প্ল্যান্ট কোয়ারেন্টাইন সেবা প্রদান করে। স্থল, নৌ ও বিমান বন্দর সমূহে কোয়ারেন্টাইন সেন্টার রয়েছে। বিদেশ থেকে যে কোন কৃষিজাত পণ্য আমদানী করা হলে এই সেন্টার সমূহে পরীক্ষা নিরীক্ষার পর দেশের প্রচলিত আইন মোতাবেক কোয়ারেন্টাইন সনদ প্রদান করা হয়।

Citizen Charter

The Department of Agricultural Extension (DAE) is a service oriented government organization under the Ministry of Agriculture. It encourages the various partners and agencies within the national agricultural extension system to provide efficient and effective services which complement and reinforce each other, in an effort to increase the efficiency and productivity of agriculture in Bangladesh. With this view nearly 24000 no of DAE personnel have been working with endless endeavor for extending the modern agricultural technologies and implementing the agricultural policies and programs of the Government. The Department of Agricultural Extension (DAE) has been offering its services in consideration of the agro-climatic issues, socio-economic condition of the farmer, farmer's need and market demand of the agricultural products. Considering all the things the citizen charter of DAE has been determined as follows:

1. Providing Agricultural Extension services to all categories of farmer.

Department of Agricultural Extension (DAE) ensures the extension services to the farmer irrespective of their class and categories.

2. Motivation of the farmer regarding the modern technologies and verities of crops through demonstration plot, field days, farmers meeting and farm rally.

Department of Agricultural Extension uses different extension technologies to motivate the farmers for increasing crop production by using the modern technologies.

3. Implementation of Integrated Pest Management (IPM) program to control the insects and pests in an eco- friendly way.

Department of Agricultural Extension (DAE) implements different programs on IPM to train up and motivate the farmers to control insects and pests attack in an eco-friendly manner.

4. Decentralization of agriculture extension programme planning process and providing the need based extension services to the farmer.

The Department of Agriculture Extension (DAE) determines of the farmer's need in the field level and implements projects and programs to solve the specific problems to strengthen the crop production process.

5. Maintaining liaisons with the agricultural research institutions and disseminating the technologies to the farmer.

Department of Agricultural Extension maintains effective communication to all agricultural research institutions. It helps to conduct research work on the basis of farmer's need. Department of Agricultural Extension (DAE) takes initiatives to disseminate the technologies developed by the agricultural research institutions.

6. Training of Extension Workers.

Department of Agricultural Extension provides advanced training to the extension workers on different agricultural issues.

7. Training farmers on specific agricultural issues.

Department of Agricultural Extension provides farmers training on specific technology under the activities of different projects.

8. Promotes use different extension methods to disseminate technologies to the farmer.

The necessary agricultural technologies are disseminated to the farmers through personal contact, group contact, print media, television and other modern extension methods.

9. Provides extension services through the coordination of government and nongovernment organizations:

The Department of Agricultural Extension takes initiatives to provide extension services to the farmers in coordination with the non government organizations working in the field of agricultural extension.

10. Helping farmers to adopt environment friendly agricultural practices to combat the climate change challenges.

Department of Agricultural Extension directs the agricultural practices considering the global climate change and adaptation issues.

11. Helping farmers to generate commercial farming and exporting their products.

Department of Agricultural Extension provides extension support giving focus on the transformation of subsistence agriculture to commercial agriculture with a view to encourage export oriented crop production.

12. Provides e-agricultural extension services through ICT initiatives.

Department of Agricultural Extension is applying ICT initiatives to disseminate agricultural technologies quickly and effectively to the farmers.

13. Promotes mechanization and Expansion of Irrigated crop production.

Keeping pace with the global technological development DAE is working to encourage the farmers in mechanization at different stage of crop production system. Farmers are trained up on improved irrigation and water management practices.

14. Promotes soil health management practices through demonstration and training.

For maintaining sustainable crop production soil health management is a vital factor. Farmers have been encouraged to use balanced fertilizer on the basis of soil test results. In possible cases they are advised to use organic fertilizers, green manure and following crop rotations for soil health conservation.

15. Encouraging the farmers in high value crop production.

To make our crop production system profitable our farmers have been encouraged to initiate high value crop production. The field extension workers provide training and necessary advisory services to the farmers.

16. Supporting farmers in producing mushroom, supplying spoon and provide necessary training and technical advice.

Mushroom is a high value and high nutritious crop. The Department of Agricultural Extension has taken initiative to extend its cultivation and providing training to the farmers.

17. Provides technical, advisory and input support to the farmers to minimize crop damage loss by natural disasters.

Bangladesh is a disaster prone country. Agriculture is most vulnerable sector to the different kinds of disasters. Department of Agricultural Extension provides agricultural rehabilitation program under the concept of social protection.

18. Provides technical and advisory service to the urban farmer for roof gardening.

With a view to put all the home stead under crop production particularly fruit, flower and vegetables, DAE has been extending technical and advisory support to the farmer.

19. Provides technical and advisory support for establishing horticultural nursery.

Department of Agricultural Extension has established 72 horticulture centers throughout the country. Quality planting materials and necessary training for the farmers have been delivered from these centers.

20. Collection of Information on crop production and cultivation area.

Department of Agricultural Extension works in collaboration with the Department of Statistics and Informatics in collecting and finalizing the production and cultivation statistics on different crops.

21. Provides early warning to the farmer on pest infestation and natural disasters during cultivation and advises them to face the adverse agro climatic environmental hazards.

Extension officers and field level extension workers regularly visit farmer's field and advices for controlling pests in different crops. In possible cases the extension workers provide early warning on pest's infestation and agro climatic issues.

22. Helping quality seed production, storage and exchange among the farmers.

For successful crop production use of good quality seed is a vital issue. At present it is not possible for the government institutions to supply quality seed according to the need. In that case Department of Agricultural Extension provides technical and advisory services to the farmers for producing and preservation of good quality seeds.

23. Monitoring supply and marketing of fertilizers and pesticides.

Department of Agricultural Extension supervises the fertilizer distribution system in the market. Extension workers regularly collect fertilizer samples from the market and send these to the testing laboratories for analysis.

24. Provides plant quarantine services.

Department of Agricultural Extension renders plant quarantine service through the quarantine centers. During import and export of agricultural products are tested by experts in the plant quarantine centers at airport, land port and sea ports. Officially certified following the government rules.